

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম (**Post-Graduate Degree Programme**)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (**Term End Examination**) : ডিসেম্বর, ২০২৪

বাংলা (**Bengali**)

প্রথম পত্র (**1st Paper**)

BANGLA SAHITYER ITIHAS

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) সংস্কৃত-প্রাকৃত-অপভ্রংশে রচিত বাঙালির প্রাচীন সাহিত্যের পরিচয় দিন।
- খ) বাংলা রোমান্স প্রণয়কাব্য রচনার পটভূমি আলোচনা করে শাহ মুহম্মদ সগীর রচিত কাব্যটির বিশদ পরিচয় দিন। ৬ + ১২
- গ) মধ্যযুগের আর্থ-সামাজিক ও সংস্কৃতির প্রেক্ষিতটি সম্বন্ধে আলোচনা করে চৈতন্যচরিত কাব্যগুলির সংক্ষিপ্ত পরিচয় উপস্থাপন করুন। ৪ + ১৪
- ঘ) বাংলা গদ্যসাহিত্য বিকাশের প্রাথমিক পর্বে সাময়িক পত্র-পত্রিকার ভূমিকা আলোচনা করুন। অন্তত চারটি সাময়িক পত্রের সংক্ষিপ্ত পরিচিতি লিখুন। ২ + (৪ × ৪)
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) চৈতন্যদেব পূর্ববর্তী কৃষ্ণকথার ধারা সম্বন্ধে আলোচনা করুন।
- খ) কবি কৃত্তিবাসের ব্যক্তি-পরিচয় ও আবির্ভাবকাল সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করে তাঁর কাহিনি-গ্রন্থনে মৌলিকতার পরিচয় দিন।
- গ) রামদাস আদক ও ঘনরাম চক্রবর্তী বিরচিত ধর্মঙ্গল কাব্য সম্বন্ধে আলোচনা করুন। ৬ + ৬
- ঘ) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব আলোচনা করুন।

- ঙ) রামনিধি গুপ্ত এবং শ্রীধর কথকের টপ্লাগান সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন। ৬ + ৬
- চ) দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যকৃতি সম্বন্ধে আলোচনা করুন।
- ৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮
- ক) 'সংবাদ প্রভাকর' অথবা 'জ্ঞানান্বেষণ' সাময়িক পত্র সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।
- খ) প্রাবন্ধিক ভূদেব মুখোপাধ্যায় অথবা অক্ষয়কুমার দত্ত সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করুন।
- গ) ঔপন্যাসিক মীর মোশারফ হোসেনের পরিচয় দিন।
- ঘ) সংক্ষিপ্ত পরিচিতিমূলক টীকা লিখুন : (যে-কোনো একটি)
'কল্লোল যুগ', ঔপন্যাসিক জগদীশ গুপ্ত, 'শেষের কবিতা'
- ঙ) রবীন্দ্রনাথ রচিত সাতটি উপন্যাসের নাম ও গ্রন্থপ্রকাশকাল উল্লেখ করুন।
- চ) রবীন্দ্রনাথের 'বলাকা' কাব্যের স্বাতন্ত্র্য কোথায়, চিহ্নিত করুন।
- ছ) সাহিত্যিক টীকা লিখুন : (যে-কোনো একটি)
অ) বিনয় ঘোষ, আ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব, ই) প্রাবন্ধিক বুদ্ধদেব বসু।
- জ) গল্পকার বিমল কর অথবা রমাপদ চৌধুরী সম্বন্ধে সংক্ষিপ্ত পরিচয় দিন।